

## সপ্তম অধ্যায়
# জাতিসংঘ সনদ অনুযায়ী শিশুর অধিকার

## অনুশীলনীর বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**১. বেঁচে থাকার অধিকার কোনটি?**
ক তথ্য জানা খ স্বাধীনভাবে কথা বলা
গ মানসম্মত জীবনযাপন ● স্বাস্থ্যসম্মত পরিবেশ

**নিচের উদ্দীপকটি পড় এবং ২ ও ৩ নং প্রশ্নের উত্তর দাও :**
স্কুলে আসা-যাওয়ার পথে তূর্য প্রায়ই একজন লোককে দেখে। মাঝে মাঝে লোকটি তাকে চকলেট খেতে দেয়। একদিন সে তূর্যকে পার্কে নিয়ে যাওয়ার কথা বলে অনেক দূরে নিয়ে যায় এবং একজন অপরিচিত লোকের হাতে তুলে দেয়।

**২. তূর্য কোন পরিস্থিতির শিকার হয়েছে?**
ক ভীতি প্রদর্শন খ বৈষম্য ● প্রতারণা ঘ অবহেলা

**৩. উদ্দীপকে বর্ণিত পরিস্থিতিতে তূর্য–**
i. দেশের বাইরে পাচার হতে পারে ii. অপরাধমূলক কাজে জড়িয়ে পড়তে পারে
iii. মুক্তিপণের শিকার হতে পারে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

## অতিরিক্ত বহুনির্বাচনি প্রশ্নোত্তর

### পাঠ ১ : শিশুর অধিকার ■ পৃষ্ঠা-৬০

#### সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৪. জাতিসংঘের শিশু অধিকার সনদে কতটি ধারা রয়েছে?** (জ্ঞান)
ক ৫১টি খ ৫২টি গ ৫৩টি ● ৫৪টি

**৫. আন্তর্জাতিক সংস্থা জাতিসংঘ গঠিত হয়েছে কেন?** (অনুধাবন)
● বিশ্বশান্তি ও নিরাপত্তা রৰায় সহযোগিতা দানের জন্য
খ বিশ্ব খাদ্য ও পুষ্টি নিরাপত্তা নিশ্চিত করার জন্য
গ বিশ্ব স্বাস্থ্য ও সেবা নিশ্চিত করার জন্য
ঘ বিশ্ব পরিবেশ ও জলবায়ুর প্রভাব নিশ্চিত করার জন্য

**৬. জাতীয় শিশুনীতিতে কত বছর বয়সীদেরকে শিশু হিসাবে ধারা হয়?** (জ্ঞান)
● ১৪ বছরের কম | ১৬ বছরের কম | ১৭ বছরের কম | ১৮ বছরের কম

**৭. জাতিসংঘের সাধারণ পরিষদে কখন শিশু অধিকার সনদ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়?** (জ্ঞান)
● ১৯৮৯ সালের নভেম্বরে খ ১৯৯০ সালে সেপ্টেম্বরে
গ ১৯৯১ সালের অক্টোবরে ঘ ১৯২২ সালের ডিসেম্বরে

**৮. কত সালে শিশু অধিকার সনদ আন্তর্জাতিক আইনের একটি অংশে পরিণত হয়?** (জ্ঞান)
ক ১৯৮৯ ● ১৯৯০ গ ১৯৯১ ঘ ১৯৯২

**৯. জাতিসংঘের ১৯৩টি দেশের মধ্যে কতটি দেশ শিশু অধিকার সনদে চুক্তি স্বাক্ষর ও অনুমোদন করেছে?** [পাবনা সরকারি বালিকা বিদ্যালয়]
● ১৯১ খ ১৯২ গ ১৯৩ ঘ ১৯৪

**১০. জাতিসংঘ শিশু অধিকার সনদ অনুযায়ী কত বছর পর্যন্ত শিশু ধরা হয়?** (জ্ঞান)
ক ১৫ বছরের নিচে খ ১৬ বছরের নিচে
গ ১৭ বছরের নিচে ● ১৮ বছরের নিচে

**১১. বর্তমান পরিসংখ্যন অনুযায়ী বাংলাদেশের মোট জনসংখ্যার শতকরা কতভাগ শিশু বলে গণ্য?** (জ্ঞান)
ক ৪৫ ● ৪৮ গ ৪৯ ঘ ৫০

**১২. শিশু মনোবিজ্ঞানীর মতে কোন বয়সের আগ পর্যন্ত ছেলেমেয়েরা শিশু?** (জ্ঞান)
ক প্রারম্ভিক শৈশব খ মধ্য শৈশব ● কিশোর ঘ যুবক

**১৩. শিক্ষার অধিকারের ক্ষেত্রে শিশুর প্রতি রাষ্ট্রের প্রধান দায়িত্ব কী?** (জ্ঞান)
● প্রাথমিক শিৰার বাধ্যতামূলক করা খ শিৰার জন্য শাসন বাধ্যতামূলক করা
উচ্চ মাধ্যমিক শিৰা বাধ্যতামূলক করা ঘ মাধ্যমিক শিৰা বাধ্যতামূলক করা

#### বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**১৪. জাতিসংঘ শিশু সনদ অনুযায়ী শিশু মাত্রই সমান সুযোগ সুবিধা পাবে–** (অনুধাবন)
i. খাদ্য ও বস্ত্রে ii. আশ্রয় ও শিৰা iii. ধর্ম ও বর্ণে
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii খ i ও iii গ ii ও iii ঘ i, ii ও iii

**১৫. জাতিসংঘ সনদ অনুযায়ী সংখ্যালঘু এবং আদিবাসী শিশুর নিজস্ব অধিকার আছে–** (অনুধাবন)
i. সংস্কৃতি চর্চার ii. ভাষা চর্চার iii. ধর্ম চর্চার
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii গ i ও iii ● i, ii ও iii

**১৬. শিক্ষার উদ্দেশ্য হলো শিশুর মধ্যে–** (উচ্চতর দৰতা)
i. নিজের দেশ ও ভাষার প্রতি শ্রদ্ধাবোধ জন্মানো
ii. অন্যান্য সংস্কৃতি ও সভ্যতার প্রতি শ্রদ্ধাবোধ জন্মানো
iii. মা-বাবা ও ছোটদের প্রতি ভালোবাসা জন্মানো
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ i ও iii গ ii ও iii ● i, ii ও iii

#### অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ১৭ ও ১৮ নং প্রশ্নের উত্তর দাও :**
মিলু সৌমিক সাহেবের বাসায় গৃহকর্মী হিসেবে কাজ করছে। সৌমিক সাহেব তাকে একটি প্রাথমিক বিদ্যালয়ে ভর্তি করে দেন। এখন সে কাজের পাশাপাশি পড়ালেখাও করে।

**১৭. মিলুর কোন ধরনের অধিকার প্রতিষ্ঠিত হয়েছে?** (প্রয়োগ)
ক বেঁচে থাকার অধিকার ● শিৰার অধিকার
গ সুরৰার অধিকার ঘ অংশগ্রহণের অধিকার

**১৮. শিক্ষা গ্রহণের ফলে মিলুর–** (উচ্চতর দৰতা)
i. শারীরিক সামর্থ্যের বিকাশ ঘটবে ii. ব্যক্তিত্ব বিকশিত হবে
iii. মানসিক সামর্থ্যের বিকাশ ঘটবে
**নিচের কোনটি সঠিক?**
ক i ও ii খ ii ও iii গ i ও iii ● i, ii ও iii

### পাঠ ২ : শিশুরা কোনো শাস্তি ভোগ করবে না, শিশুর স্বার্থ সবার ওপরে ও শিশুশ্রম ■ পৃষ্ঠা-৬২

#### সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**১৯. বাংলাদেশের শ্রম আইনে শিশুশ্রম ধরা হয় কোনটিকে?** (জ্ঞান)
ক ১২ বছর পূর্ণ হয়নি এমন শিশুর দ্বারা সম্পাদিত শ্রমকে

ⓚ ১৩ বছর পূর্ণ হয়নি এমন শিশুর দ্বারা সম্পাদিত শ্রমকে
● ১৪ বছর পূর্ণ হয়নি এমন শিশুর দ্বারা সম্পাদিত শ্রমকে
ⓖ ১৬ বছর পূর্ণ হয়নি এমন শিশুর দ্বারা সম্পাদিত শ্রমকে

**২০. শ্রম আইনের কত নং ধারায় শিশুশ্রমের কথা উল্লেখ আছে?** (জ্ঞান)
● ২০০৬ এর ২ (৬৩) ⓖ ২০০৭ এর ১ (৬০)
ⓖ ২০০৮ এর ১৩ (ক) ⓖ ২০০৯ এর ১ (৩৪)

**২১. শিশুরা পরিশ্রমের কাজে নিয়োজিত হয় কেন?** (অনুধাবন)
● অর্থ উপার্জনের জন্য ⓖ সময় কাটানোর জন্য
ⓖ আনন্দ উপভোগের জন্য ⓖ শারীরিক বৃদ্ধির জন্য

**২২. শিশুদের কিশোর সংশোধন কেন্দ্রে পাঠানো হয় কেন?** (অনুধাবন)
ⓚ কারিগরি শিৰা লাভের জন্য ⓖ শাস্তি দানের জন্য
● অপরাধ সংশোধনের জন্য ⓖ সাধারণ শিৰা লাভের জন্য

**২৩. মিন্টু তার বন্ধুর সাথে মারামারি করায় তাকে 'A' নামক প্রতিষ্ঠানে পাঠানো হয়। 'A' এর সাথে সাদৃশ্য রয়েছে কোনটির?** (প্রয়োগ)
ⓚ ইউনিসেফ ⓖ সেফ দ্যা চিলড্রেন
ⓖ কেয়ার ● অপরাধ সংশোধন কেন্দ্র

**২৪. শিশুরা কোনো শাস্তি ভোগ করবে না। কথাটির তাৎপর্য হলো–** (উচ্চতর দৰতা)
ⓚ শিশুদের অপরাধ ৰমাযোগ্য
ⓖ শিশুদের অপরাধ সম্পর্কে সচেতন করে তুলতে হবে
● শিশুদের অপরাধ সংশোধনের সুযোগ দিতে হবে
ⓖ শিশুদের অপরাধ কর্মকান্ড আইনসিদ্ধ

**২৫. কত বছরের আগে শিশুকে অপরাধের জন্য শাস্তি দেওয়া যাবে না?** (জ্ঞান)
ⓚ ১৫ ⓖ ১৬ ⓖ ১৭ ● ১৮

**২৬. কোন প্রতিষ্ঠানটি শিশুদের নিয়ে কাজ করছে?** (জ্ঞান)
ⓚ গ্রামীণ ব্যাংক ⓖ প্রশিকা ● ইউনিসেফ ⓖ আশা

**২৭. মারাত্মক শারীরিক ও মৃত্যু ঝুঁকি রয়েছে এ ধরনের কাজে নিয়োজিত শিশুদের শ্রমকে কী বলা হয়?** (জ্ঞান)
● ঝুঁকিপূর্ণ শিশুশ্রম ⓖ অমানবিক শিশুশ্রম
ⓖ কঠিন শিশুশ্রম ⓖ শারীরিক শিশুশ্রম

**২৮. কোনটি ঝুঁকিপূর্ণ শিশুশ্রম?** (জ্ঞান)
ⓚ বাগান করা ⓖ ঘর গোছানোর কাজ ⓖ বই গোছানো ● ওয়ার্কশপের কাজ

**২৯. শিশুর বিষয়ে সকল কাজে কোনটি প্রাধান্য দিতে হবে?** (জ্ঞান)
শিশুর পড়াশোনা ● শিশুর স্বার্থ ⓖ শিশুর সেবা ⓖ শিশুর শাস্তি

**৩০. বাবা–মা অর্থাভাবে যদি শিশুর শিক্ষা, নিরাপত্তা, যত্ন ইত্যাদি দিতে না পারে তখন শিশুর স্বার্থ নিশ্চিত করার দায়িত্ব কার?** (জ্ঞান)
ⓚ প্রতিবেশীর ⓖ আত্মীয়স্বজনের ● সরকারের ⓖ বন্ধুদের

**৩১. কিশোর অপরাধ সংশোধন কেন্দ্রে কী উপায়ে প্রতিকারের ব্যবস্থা করা হয়?** (অনুধাবন)
ⓚ শাস্তিমূলক ব্যবস্থা দ্বারা ● বন্ধুত্বপূর্ণ উপদেশ দ্বারা
ⓖ বৃত্তিমূলক শিৰা দ্বারা ⓖ কারিগরি শিৰা দ্বারা

**৩২. নাজিম তার মামার বাসায় বেড়াতে গেলে দেখতে পেল একটি মেয়ে গৃহকর্মী হিসেবে কাজ করছে। সে মামাকে বলে তার কিসের ব্যবস্থা করল?** (প্রয়োগ)
● পড়াশোনার ⓖ কাজ না করার ⓖ গান শেখার ⓖ খেলাধুলার

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৩৩. ঝুঁকিপূর্ণ কাজে নিয়োজিত হলে শিশুর—** (অনুধাবন)
i. শারীরিক ৰতি হয় ii. মানসিক বিকাশ বাধাপ্রাপ্ত হয়
iii. সামাজিক বিকাশ বাধাগ্রস্ত হয়
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓖ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

**৩৪. সংশোধন কেন্দ্রে শিশুদের বৃত্তিমূলক শিক্ষা দেয়ার যথার্থ কারণ হলো—** (উচ্চতর দৰতা)
i. অপরাধ থেকে তাদের দূরে রাখা ii. তাদের আত্মনির্ভরশীল হতে সাহায্য করা
iii. তাদের জীবিকা অর্জনের ব্যবস্থা করা
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓖ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

**৩৫. সনদ অনুযায়ী শিশুর অধিকার প্রতিষ্ঠা করা হয়েছে——** (উচ্চতর দৰতা)
i. স্বাধীনভাবে মত প্রকাশের অধিকার ii. বিনা খরচে প্রাথমিক শিৰার লাভের
iii. অসুস্থতায় চিকিৎসার লাভের
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ⓖ i ও iii ⓖ ii ও iii ● i, ii ও iii

**৩৬. নাফিসা দরিদ্র শিশুদের সহায়তা করতে আগ্রহী। এজন্য তার করণীয়–** (উচ্চতর দক্ষতা)
i. ঈদ বা পূজায় নতুন কাপড় ও ভালো খাবার দিবে
ii. দামি স্কুল ও কলেজে পড়াশোনার খরচ দিবে
iii. অভিভাবকদের বলে গৃহকর্মীদের পড়াশোনার ব্যবস্থা করবে
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ● i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

## অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৩৭ ও ৩৮ নং প্রশ্নের উত্তর দাও :**
কিশোর জুবায়ের এলাকার খারাপ ছেলেদের সাথে মেশার ফলে বিভিন্ন অপরাধমূলক কাজে জড়িয়ে পড়ে। এজন্য তাকে কোনো প্রকার শাস্তি না দিয়ে সংশোধনের জন্য কিশোর অপরাধ সংশোধন কেন্দ্রে পাঠানো হয়।

**৩৭. কিশোর অপরাধ সংশোধন কেন্দ্রে জুবায়েরকে কীভাবে সংশোধন করা হয়?** (প্রয়োগ)
ⓚ শাস্তিমূলক ব্যবস্থার ⓖ প্রহারের মাধ্যমে
● বন্ধুত্বপূর্ণ উপদেশ দ্বারা ⓖ সুচিকিৎসার দ্বারা

**৩৮. জুবায়ের মানসিক দিক থেকে সংশোধিত হওয়ার ফলে–** (উচ্চতর দৰতা)
i. অপরাধমূলক আচরণ থেকে প্রতিকার পাবে
ii. পুনরায় অপরাধমূলক কাজে জড়িয়ে পড়বে
iii. সুন্দরভাবে বেড়ে ওঠার সুযোগ পাবে
**নিচের কোনটি সঠিক?**
ⓚ i ও ii ● i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

# পাঠ ৩ : শিশুপাচার ■ পৃষ্ঠা-৬৩

## সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৩৯. কোন সময় থেকে শিশুরা ভালোমন্দ বোঝা শুরু করে?** (জ্ঞান)
ⓚ ২/৩ বছর ⓖ ৩/৪ বছর ⓖ ৪/৫ বছর ● ৫/৬ বছর

**৪০. শিশু পাচারকারীরা পিতামাতার কাছে কী দাবি করে?** (জ্ঞান)
ⓚ বাড়ি ⓖ গাড়ি ● মুক্তিপণ ⓖ জমিজমা

**৪১. পাচারকারীরা কিসের বিনিময়ে শিশুকে বাইরে পাচার করে?** (জ্ঞান)
ⓚ দামি অলংকার ⓖ মাদক দ্রব্য ⓖ দামি পোশাক ● অর্থ

**৪২. আমাদের দেশে শিশু পাচারের ঘটনা বেশি কেন?** (অনুধাবন)
● দারিদ্র্যের জন্য ⓖ কুসংস্কারের জন্য
ⓖ জনসংখ্যার আধিক্যের জন্য ⓖ পাচারকারীর আধিক্যের জন্য

**৪৩. আমাদের দেশে শিশু কীভাবে পাচার হয়?** (জ্ঞান)
ⓚ চর এলাকা দিয়ে ⓖ পাহাড়ি এলাকা দিয়ে
● সীমান্ত এলাকা দিয়ে ⓖ নদী এলাকা দিয়ে

**৪৪. শিশুর মতামতকে প্রাধান্য দেওয়া উচিত কেন?** (অনুধাবন)
ⓚ শিশুর মনের দিক বিবেচনা করে ⓖ শিশুর বিকাশের কথা বিবেচনা করে
● বয়স ও পরিণত বুদ্ধির কথা ভেবে ⓖ শিশুর প্রজ্ঞার কথা ভেবে

**৪৫. শাহেদ স্কুল থেকে একা আসার পথে একজন মহিলা তাকে চকলেট হাতে দিয়ে বাসায় নিয়ে যেতে চাইল। এখানে মহিলাটি কিসের পরিচায়ক?** (প্রয়োগ)
● শিশু পাচারকারী ⓖ আদম ব্যবসায়ী ⓖ মানসিক রোগী ⓖ পাগল

**৪৬. কিসের অভাবে শিশু পাচারের ঘটনা বেশি হয়?** (অনুধাবন)
● শিৰা ও সচেতনতার ⓖ খাদ্য ও বাসস্থানের
ⓖ শিৰা ও খাদ্যের ⓖ সচেতনতা ও বাসস্থানের

**৪৭. রেহানা পিতামাতার উপযুক্ত নির্দেশনা অনুযায়ী কাজ করে। এতে করে তার জন্য কোনটি গ্রহণ করা সহজ হয়?** (প্রয়োগ)
● সিদ্ধান্ত ⓖ দায়িত্ব ⓖ মতামত ⓖ খাদ্য

**৪৮. শিশুরা দূরে কোথাও বা নির্জনে একাকী গেলে অনেক সময়–** (অনুধাবন)
ⓚ অজ্ঞান হতে পারে ● অপহরণ হতে পারে
ⓖ ভয় পেতে পারে ⓖ পড়ে যেতে পারে

**৪৯. কোন দেশে শিশু পাচারের ঘটনা সবচেয়ে বেশি?** (জ্ঞান)
ⓚ ভারতে ⓖ নেপালে ⓖ চীনে ● বাংলাদেশে

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৫০. শিশুপাচারের থেকে রক্ষা পেতে করণীয়–** (উচ্চতর দৰতা)

i. পাচারকারীর কৌশল সম্পর্কে সকলকে জানতে হবে
ii. অপরিচিত জনের দেওয়া জিনিস গ্রহণ করতে হবে
iii. নির্জন জায়গায় একাকী যাওয়া থেকে বিরত থাকতে হবে
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii ● i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**৫১. মনির তার মাকে রান্নার জন্য কিছু নতুন আইটেমের কথা বলে এবং তার মা সে অনুযায়ী রান্না করে। এখানে যে দিকটি নির্দেশ করা হয়েছে—** (প্রয়োগ)
i. বাক স্বাধীনতা ii. মেন্যু পরিকল্পনায় অধিকার রক্ষা
iii. নিজ পছন্দ প্রকাশের স্বাধীনতা
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii ● i, ii ও iii

**৫২. শিশু পাচারকারীরা শিশুদের ধরে নিয়ে–** (অনুধাবন)
i. পিতামাতার কাছ থেকে মুক্তিপণ আদায় করে ii. অর্থের বিনিময়ে দেশের বাইরে পাচার করে
iii. অমানবিক কাজে ব্যবহার করে
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii ● i, ii ও iii

## অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৫৩ ও ৫৪ নং প্রশ্নের উত্তর দাও :**
১০ বছর বয়সী শিমু বাড়ির পাশে খেলার সময় একজন লোক তাকে পুতুল কিনে দেওয়ার কথা বললে শিমু দৌড়ে বাড়ি যায়।

**৫৩. উদ্দীপকে আলোচিত ব্যক্তিটি কে?** (প্রয়োগ)
আদম ব্যবসায়ী ● শিশু পাচারকারী ছদ্মবেশী পুলিশ নিকট আত্মীয়

**৫৪. শিশু পাচারকারীর বৈশিষ্ট্য হলো–** (উচ্চতর দক্ষতা)
i. নির্জন জায়গায় শিশুদের আক্রমণ করে
ii. বিভিন্ন ধরনের লোভ ও ভয় দেখায়
iii. শিশুর পরিবারকে অনেক অর্থ দেয়
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

## পাঠ ৪ : ইচ্ছার বিরুদ্ধে শিশুকে বিচ্ছিন্ন করা নিষিদ্ধ ■ পৃষ্ঠা-৬৫

## সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৫৫. মস্তিষ্কের স্নায়ু কোষকে নষ্ট করে কোনটি?** (জ্ঞান)
● মাদক দ্রব্য (খ) টিপস্ (গ) চকলেট (ঘ) চুইংগাম

**৫৬. কোনটির মাধ্যমে মাদক গ্রহণের সূত্রপাত ঘটে?** (জ্ঞান)
পড়াশোনার চাপ (খ) খেলাধুলা ● কৌতূহল (ঘ) গল্পের বই পড়া

**৫৭. শিশু পারিবারিক পরিবেশ থেকে বঞ্চিত হলে তা রক্ষার দায়িত্ব নেবে কে?** (জ্ঞান)
(ক) মা (খ) দাদা (গ) শিক্ষক ● সরকার

**৫৮. মাদকাসক্তদের অপরের প্রতি স্নেহ, ভালোবাসা কমে যায় কেন?** (অনুধাবন)
(ক) স্বাস্থ্যের ক্ষতি হয় বলে
(খ) পরিবারের সদস্যরা তাকে বকাঝকা করে বলে
● মাদকদ্রব্য মস্তিষ্কের স্নায়ুকোষকে নষ্ট করে বলে
(ঘ) উগ্র ও বদমেজাজ থাকার কারণে

**৫৯. মাদকাসক্তদের পড়াশোনা ও কাজ করার ক্ষমতা কমে যায় কেন?** (অনুধাবন)
(ক) পরিবারের সদস্যরা কম সাহায্য করে বলে
● মাদকদ্রব্য মানসিক স্বাস্থ্যের ক্ষতি করে বলে
(গ) সংসারে আর্থিক অভাব দেখা দেওয়ার কারণে
(ঘ) অসৎ সঙ্গে মেলামেশার কারণে

**৬০. রোমেল তার বন্ধুদের সাথে আড্ডা দেওয়ার সময় প্রচুর ধূমপান করে। ফলে তার স্বাস্থ্য খারাপ হয়ে যায়। এ বিষয়ে নিচের কোনটি সামঞ্জস্যপূর্ণ?** (প্রয়োগ)
(ক) ধূমপান এক ধরনের খারাপ অভ্যাস
● ধূমপান একধরনের মাদক দ্রব্য
(গ) ধূমপান স্বাস্থ্যের জন্য উপকারী
(ঘ) ধূমপানে শরীরের অতিরিক্ত শক্তি ব্যয় হয়

**৬১. মাদকদ্রব্যের অন্যতম ক্ষতিকর দিক কোনটি?** [পাবনা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়]
(ক) শক্তি বৃদ্ধি পায় (খ) জ্ঞান বৃদ্ধি পায়
● স্মৃতিশক্তি লোপ পায় (ঘ) কৌতূহল লোপ পায়

**৬২. মাদকদ্রব্য গ্রহণকারীরা পরিবারের সদস্যদের সাথে কেমন আচরণ করে?** (জ্ঞান)
(ক) ভালো ● উগ্র (গ) বিনয়ী (ঘ) নম্র

**৬৩. শিশুদের ইচ্ছার বিরুদ্ধে কী করা অনুচিত?** (জ্ঞান)
(ক) খাবার খাওয়ানো (খ) সহপাঠী থেকে বিচ্ছিন্ন করা
● বাবা মা থেকে বিচ্ছিন্ন করা (ঘ) গান শেখানো

**৬৪. চাদনীর বয়স হওয়ার কারণে বাবা মা দুজনেই আলাদা থাকার সিদ্ধান্ত নিয়েছেন। চাদনী এখন কার সাথে যোগাযোগ রাখতে পারবে?** (প্রয়োগ)
(ক) মা'র সাথে (খ) বাবার সাথে
(গ) কারো সাথেই নয় ● মা–বাবা উভয়ের সাথে

**৬৫. মনির সাহেব তার মেয়েকে নিয়ে মেলায় যাওয়ার পথে মানুষের ভিড়ে তার মেয়েটি হারিয়ে যায়। এক্ষেত্রে মেয়েটিকে তার পিতামাতার কাছে ফিরিয়ে দেওয়ার প্রধান দায়িত্ব কার?** (প্রয়োগ)
দাদা–দাদি ● সরকারের বিভিন্ন সংস্থার চেয়ারম্যানের

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৬৬. শিশুরা মাদকাসক্ত হয়—** (অনুধাবন)
i. কৌতূহলবশত ii. খেলার ছলে iii. মানসিক চাপ থেকে
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii ● i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**৬৭. মাদকদ্রব্য ক্ষতিকর। কেননা এটি—** (অনুধাবন)
i. স্নায়ুকোষকে নষ্ট করে ii. মানসিক স্বাস্থ্যের ক্ষতি করে
iii. বাড়তি শক্তি যোগায়
**নিচের কোনটি সঠিক?**
● i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**৬৮. শিশু পারিবারিক পরিবেশ থেকে বঞ্চিত হলে–** (অনুধাবন)
i. সরকার তার অধিকার রক্ষার ব্যবস্থা নিবে
ii. আত্মীয়স্বজন তার অধিকার রক্ষার ব্যবস্থা নিবে
iii. বিভিন্ন সংস্থা তার অধিকার রক্ষার ব্যবস্থা নিবে
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii ● i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

**৬৯. মাদক বর্জন করতে আমাদের করণীয়–** (উচ্চতর দক্ষতা)
i. যারা মাদক খায় তাদের সাথে মেশা যাবে না
ii. বাড়তি শক্তি পাওয়া যাবে এমন ওষুধ খাওয়া যাবে
iii. মাদক পাওয়া যায় এমন জায়গায় যাওয়া যাবে না
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) ii ও iii ● i ও iii (ঘ) i, ii ও iii

## অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**নিচের অনুচ্ছেদটি পড়ে ৭০ ও ৭১ নং প্রশ্নের উত্তর দাও :**
আসিফের স্মৃতিশক্তি অনেক লোপ পেয়েছে। বন্ধুবান্ধবের সাথে আড্ডা দিতে গিয়ে কৌতূহলবশত সে একটি দ্রব্য গ্রহণ করে। তার পরিবার তাকে নিরাময় কেন্দ্রে নিয়ে গেলে ডাক্তার তাকে অবসর সময়ে গঠনমূলক কাজ করতে পরামর্শ দেন।

**৭০. আসিফ যে দ্রব্য গ্রহণ করে তা নিচের কোনটিকে নির্দেশ করে?** (প্রয়োগ)
● মাদক দ্রব্য মিষ্টিজাতীয় দ্রব্য খোলা খাবার পরিশোধিত দ্রব্য

**৭১. আসিফ অবসর সময়ে যেসব গঠনমূলক কাজ করতে পারে–** (উচ্চতর দক্ষতা)
i. খেলাধুলা ii. গল্পের বই পড়া iii. বাগান করা
**নিচের কোনটি সঠিক?**
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii ● i, ii ও iii

## অনুশীলনীর সৃজনশীল প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন –১ ▸ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

রিক্সাচালক আবদুল মালেকের বড় সন্তানের বয়স ১২ বছর। সে পঞ্চম শ্রেণিতে পড়ে। পড়াশোনায় সে খুব ভালো। কিন্তু দীর্ঘদিন যাবৎ তার বাবা অসুস্থ থাকায় ঠিকমতো কাজ করতে পারছেন না। এ অবস্থায় আবদুল মালেক তাঁর ছেলেকে স্কুলে যাওয়া বন্ধ করে দিয়ে বাড়ির পাশের গার্মেন্টস ফ্যাক্টরির কাজে লাগিয়ে দেন।

ক. সবচেয়ে ব্যাপকভাবে গৃহীত মানবাধিকার চুক্তি কোনটি?

খ. সনদ অনুযায়ী সুরৰা থেকে কেন বাংলাদেশের অনেক শিশুই বঞ্চিত হচ্ছে?

গ. রানা কোন অধিকার থেকে বঞ্চিত হয়েছে? ব্যাখ্যা করো।

ঘ. জাতিসংঘের সনদ অনুযায়ী আবদুল মালেকের গৃহীত পদৰেপ কতটুকু যুক্তিযুক্ত? বিশেরষণ করো।

### ১নং প্রশ্নের উত্তর

ক. সবচেয়ে ব্যাপকভাবে গৃহীত মানবাধিকার চুক্তি হলো শিশু অধিকার সনদ।

খ. শিশুদের অধিকার নিশ্চিত করার জন্য জাতিসংঘের শিশু অধিকার সনদ অনুযায়ী ১৮ বছরের নিচে সবাই শিশু। তবে জাতীয় শিশুনীতিতে ১৪ বছরের কম বয়সীদের শিশু ধরা হয়। জাতিসংঘের সনদের সাথে অসামঞ্জস্যের কারণে বাংলাদেশের অনেক শিশুই সনদ অনুসারে সুরৰা থেকে বঞ্চিত হচ্ছে। যদিও তাদের সেটা পাওয়ার অধিকার রয়েছে।

গ. রানা শিৰার অধিকার থেকে বঞ্চিত হয়েছে। কেননা জাতিসংঘের শিশু অধিকার সনদ অনুযায়ী প্রতিটি শিশুর শিৰার অধিকার রয়েছে। এজন্য প্রতিটি শিশুর প্রাথমিক শিৰা বাধ্যতামূলক করা এবং মাধ্যমিক ও বৃত্তিমূলক শিৰাব্যবস্থা নিশ্চিত করা সরকারের দায়িত্ব। প্রয়োজনে সরকার আর্থিক সাহায্য দিবে। উদ্দীপকের রানার বয়স বারো বছর। সে পঞ্চম শ্রেণিতে পড়ে। তার বাবা আব্দুল মালেক দীর্ঘদিন যাবৎ অসুস্থ থাকায় ঠিকমতো কাজ করতে পারছেন না। এ অবস্থায় তিনি পরিবারের আর্থিক অনটনের কথা চিন্তা করে তার বড় ছেলে রানার স্কুলে যাওয়া বন্ধ করে দেন এবং তাকে গার্মেন্টস ফ্যাক্টরিতে কাজে লাগিয়ে দেন। ফলে রানার লেখাপড়া বন্ধ হয়ে যায়। সুতরাং উপর্যুক্ত আলোচনা শেষে বলা যায় যে, রানা শিৰার অধিকার থেকে বঞ্চিত হয়েছে।

ঘ. আবদুল মালেকের গৃহীত পদৰেপ জাতিসংঘ সনদ অনুযায়ী সম্পূর্ণ অযৌক্তিক এবং মানবাধিকার লঙ্ঘনের শামিল। জাতিসংঘ সনদ অনুযায়ী ১৮ বছরের নিচে সবাই শিশু। প্রতিটি শিশুর শিৰার অধিকার রয়েছে। অল্প বয়সে ঝুঁকিপূর্ণ কাজে নিযুক্ত হলে শারীরিক, মানসিক, বুদ্ধিগত, সামাজিক বিকাশের ৰেত্রে বাধা হয়ে দাঁড়ায়। তাই এই সনদে শিশুর স্বাধীনভাবে মত প্রকাশের, বিনা খরচে প্রাথমিক শিৰা লাভের এবং অসুস্থতায় চিকিৎসা লাভের অধিকার প্রতিষ্ঠা করা হয়েছে এবং শিশুকে ঝুঁকিপূর্ণ কাজে নিয়োজিত না করানোর ব্যবস্থা গ্রহণের জন্য রাষ্ট্রকে বলা হয়েছে। অথচ উদ্দীপকের আবদুল মালেক তার ছেলের লেখাপড়া বন্ধ করে তাকে গার্মেন্টস ফ্যাক্টরির কাজে লাগিয়ে দেন। যার ফলে তার ছেলে শিৰার অধিকার থেকে বঞ্চিত হয়। তাছাড়া গার্মেন্টসের কাজ ঝুঁকিপূর্ণ। তাই তার পদৰেপটি অযৌক্তিক।

## অতিরিক্ত সৃজনশীল প্রশ্ন ও উত্তর

**প্রশ্ন –২ ▸ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

রফিক সাহেব তার ছেলেমেয়েদের ব্যাপারে খুবই যত্নবান। এদের সমবয়সী একজন গৃহকর্মী রয়েছে তাদের বাসায়। যার নাম শেলী। সেও রফিক সাহেবের ছেলেমেয়েদের মতো স্বাধীনভাবে থাকতে চায় এবং লেখাপড়া করতেও আগ্রহী। এজন্য রফিক সাহেব শেলীকে স্কুলে ভর্তি করে দেন।

ক. জাতীয় শিশু নীতিতে শিশুর বয়স কত ধরা হয়? ১

খ. শিশুরা কোনো শাস্তি ভোগ করবে না।—ব্যাখ্যা কর। ২

গ. রফিক সাহেব জাতিসংঘ শিশু অধিকার সনদের কোন ধারাকে বাস্তবায়ন করেছেন? ব্যাখ্যা কর। ৩

ঘ. শেলীর মতো শিশুদের শিৰার অধিকার নিশ্চিত করতে সরকারের ভূমিকা মূল্যায়ন কর। ৪

### ২নং প্রশ্নের উত্তর

ক. জাতীয় শিশু নীতিতে ১৪ বছরের কম বয়সীদের শিশু হিসেবে ধরা হয়।

খ. শিশুরা কোনো শাস্তি ভোগ করবে না। কারণ, মানবাধিকার সনদে উলেরখ আছে, ১৮ বছরের আগে যদি শিশু কোনো অপরাধমূলক কাজ করে, তবে তাকে সংশোধনের জন্য কিশোর অপরাধ সংশোধন কেন্দ্রে পাঠানো যাবে। সেখানে কিশোরদের বন্ধুত্বপূর্ণ উপদেশ দ্বারা সংশোধনের মাধ্যমে প্রতিকারের ব্যবস্থা করা হয়। পাশাপাশি সাধারণ শিৰা, কারিগরি শিৰা এবং বৃত্তিমূলক শিৰাও দেওয়া হয়।

গ. রফিক সাহেব শেলীকে স্কুলে ভর্তি করানোর মধ্য দিয়ে জাতিসংঘ শিশু অধিকার সনদের "প্রতিটি শিশুর শিৰার অধিকার রয়েছে" এই ধারাটি বাস্তবায়ন করেছেন। সনদ অনুযায়ী প্রতিটি শিশুর শিৰার অধিকার রয়েছে। এখানে লিঙ্গ, বর্ণ, জাতীয়তা, ধর্ম, শারীরিক সামর্থ্য এবং ধনী–গরিব কোনো ভেদাভেদ থাকবে না। শিশুমাত্রই শিৰার সমান সুযোগ–সুবিধা পাবে। উদ্দীপকে দেখা যাচ্ছে যে, রফিক সাহেবের ছেলেমেয়েদের সমবয়সী শেলী তার বাসায় গৃহকর্মী হিসেবে নিয়োজিত রয়েছে। সেও রফিক সাহেবের ছেলেমেয়েদের মতো স্বাধীনভাবে থাকতে চায় এবং লেখাপড়া করতেও আগ্রহী। তাই রফিক সাহেব তাকে স্কুলে ভর্তি করিয়ে দেন। এভাবে শেলীকে তার শিৰা অধিকার পাইয়ে দিয়ে রফিক সাহেব শিশু অধিকার সনদ বাস্তবায়ন করেন।

ঘ. শেলীর মতো শিশুদের শিৰার অধিকার নিশ্চিত করতে সরকার বেশ গুরবত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে। রাষ্ট্রের প্রধান দায়িত্ব হলো প্রতিটি শিশুর জন্য প্রাথমিক শিৰা বাধ্যতামূলক করা এবং বিনা খরচে শিৰা পাওয়ার সুযোগ নিশ্চিত করা। সব শিশুর জন্য মাধ্যমিক এবং বৃত্তিমূলক শিৰাব্যবস্থা নিশ্চিত করা সরকারের দায়িত্ব। সরকারের পৰে যদি এ সুযোগ বিনামূল্যে দেওয়া সম্ভব না হয়, তাহলে প্রয়োজনবোধে সরকার আর্থিক সাহায্য দেবে। শিশুর স্কুল ত্যাগের হার কমাতে সরকার প্রয়োজনীয় পদৰেপ নিতে পারে। এভাবে সরকার প্রতিটি শিশুর শিৰার অধিকার নিশ্চিত করতে পারলে শিশুর মধ্যে ব্যক্তিত্ব, মেধা, শারীরিক ও মানসিক সামর্থ্যের পরিপূর্ণ বিকাশ ঘটবে। শিশুর মধ্যে মা–বাবা, শিৰক, বড় ও ছোটদের প্রতি দেশ, ভাষা, সংস্কৃতি ও মূল্যবোধের প্রতি এবং অন্যান্য সংস্কৃতি ও সভ্যতার প্রতি শ্রদ্ধাবোধ ও ভালোবাসা জন্মাবে। সুতরাং বলা যায়, শেলীর মতো শিশুদের শিৰার অধিকার নিশ্চিত করতে সরকারের ভূমিকা অপরিসীম।

**প্রশ্ন –৩ ▸ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

**ঘটনা–১ :** মিলন অষ্টম শ্রেণির ছাত্র। সে এলাকার কিছু বখাটে ছেলের সাথে মেশার ফলে অপরাধমূলক কাজে জড়িয়ে পড়ে। তার বাবা–মা তাকে শাসন করে ভালো পথে আনার চেষ্টা করেন। কিন্তু সে কোনো কথাই শুনল না। তাই তার বাবা–মা তাকে কিশোর অপরাধ সংশোধন কেন্দ্রে পাঠান।

**ঘটনা–২ :** শহীদের বয়স ৯ বছর। সে তৃতীয় শ্রেণিতে পড়ে। তার বাবা যে টাকা উপার্জন করে সংসার চালায় তাতে তার পড়ালেখার খরচ মেটানো সম্ভব নয়। তাই সে টেম্পোর হেলপার হিসেবে কাজ করে অর্থ উপার্জন করে মা–বাবার হাতে তুলে দেয়।

ক. শিশুর ভালোমন্দ বোঝার বয়স হয় কত বছর থেকে? ১
খ. জাতিসংঘ সনদে শিশুর স্বার্থের ব্যাপারে কী বলা হয়েছে? ২
গ. ঘটনা–২ এ কোন ধরনের শ্রমকে নির্দেশ করা হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. ঘটনা–১ এ মিলনের জন্য তার বাবা মায়ের গৃহীত পদৰেপটির যথার্থতা মূল্যায়ন কর। ৪

## ৩নং প্রশ্নের উত্তর

ক. শিশুর ভালোমন্দ বোঝার বয়স হয় ৫/৬ বছর থেকে।

খ. জাতিসংঘ সনদে শিশুর স্বার্থ সবার উপরে বলে উলেৰখ আছে। শিশুর অধিকার রৰার্থে যা কিছু প্রয়োজন তা করতে হবে। মা–বাবা অর্থাভাবে যদি শিশুর শিৰা নিরাপত্তা, যত্ন দিতে না পারেন, তখন সরকার শিশুর স্বার্থ গুরবত্ব দিয়ে সেবা নিশ্চিত করবে। সকল সামর্থ্যবান মানুষের উচিত দুস্থ শিশুদের সহযোগিতা করা। তাদের সুন্দরভাবে বেড়ে ওঠার সুযোগ করে দেওয়া।

গ. ঘটনা–২ এ ঝুঁকিপূর্ণ শিশুশ্রমকে নির্দেশ করা হয়েছে। আমাদের দেশে অনেক শিশু বিদ্যালয়ে না গিয়ে কিংবা বিদ্যালয়ে পড়াশোনা করার পাশাপাশি বিভিন্ন রকম কাজ করে অর্থ উপার্জন করে মা–বাবার হাতে তুলে দেয়। অনেক শিশু এমন কাজ করে যার ফলে তাদের মারাত্মক শারীরিক ৰতি হতে পারে। এসব ৰেত্রে তাদের মৃত্যুর ঝুঁকিও রয়েছে। এ ধরনের কাজে নিয়োজিত শ্রমকে বলা হয় ঝুঁকিপূর্ণ শিশুশ্রম। উদ্দীপকে দেখা যাচ্ছে, শহীদের বয়স ৮ বছর এবং সে তৃতীয় শ্রেণিতে পড়ে। কিন্তু তার বাবা যে টাকা উপার্জন করে সংসার চালায় তাতে তার পড়ালেখার খরচ চালানো অসম্ভব। তাই সে টেম্পোর হেলপার হিসেবে কাজ করে এবং অর্থ উপার্জন করে বাবা মা'র হাতে তুলে দেয়। শহীদের এ ধরনের কাজ ঝুঁকিপূর্ণ শিশুশ্রমের অন্তর্ভুক্ত। সুতরাং বলা যায়, ঘটনা–২–এ ঝুঁকিপূর্ণ শিশুশ্রমকে নির্দেশ করা হয়েছে।

ঘ. ঘটনা–১–এ মিলনকে ভালো পথে আনার জন্য তার বাবা–মা তাকে কিশোর সংশোধন কেন্দ্রে পাঠান। মিলনের জন্য তার বাবা–মায়ের গৃহীত পদৰেপটি যথার্থ। জাতিসংঘ শিশু অধিকার সনদ অনুযায়ী ১৮ বছরের আগে যদি শিশু কোনো অপরাধমূলক কাজ করে তবে তাকে শাস্তি দেওয়া যাবে না। তার সংশোধনের জন্য কিশোর অপরাধ সংশোধন কেন্দ্রে পাঠানো যাবে। সংশোধন কেন্দ্রে কিশোরদের বন্ধুত্বপূর্ণ উপদেশ দ্বারা সংশোধনের মাধ্যমে অপরাধমূলক আচরণ প্রতিকারের ব্যবস্থা করা হয়। পাশাপাশি সাধারণ শিৰা, কারিগরি শিৰা এবং বৃত্তিমূলক শিৰা দেওয়া হয়। তাই মিলনকে তার বাবা মা তাকে কিশোর অপরাধ সংশোধন কেন্দ্রে পাঠান। এখানে বন্ধুত্বপূর্ণ উপদেশ দ্বারা তাকে অপরাধ সম্পর্কে সচেতন করে ভালো পথে ফিরিয়ে আনা সম্ভব। পাশাপাশে সে বিভিন্ন ধরনের শিৰা গ্রহণের ফলে অপরাধমূলক আচরণ প্রতিকারের মধ্য দিয়ে আত্মনির্ভরশীল হয়ে গড়ে উঠতে পারে। সুতরাং বলা যায়, ঘটনা–১ এ মিলনের জন্য তার বাবা মায়ের গৃহীত পদৰেপটি যথার্থ।

**প্রশ্ন –৪ ▸ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

রনি তার বন্ধু দলের সাথে মিশে পড়াশোনা ছেড়ে দিয়েছে। একদিন সে দোকানে কিছু জিনিস কিনতে গিয়ে বাসায় ফিরে না এলে বাবা মা চিন্তিত হয়ে পড়ে। পরবর্তীতে তার এক শিৰক তাকে উদ্ধার করেন এবং তাকে কিছু উপদেশ দেন। শিৰক রনির বাবা মাকে বলেন, সকল বাবা–মায়েরই তার সন্তানের প্রাথমিক শিৰা নিশ্চিত করা উচিত।

[নোয়াখালী সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়]

ক. সংশোধনের জন্য শিশুদের কোথায় পাঠানো উচিত? ১
খ. শিশুদের জীবন কেন বিপন্ন হয়? ব্যাখ্যা করো। ২
গ. শিৰক রনিকে কী কী উপদেশ দিয়েছেন? ব্যাখ্যা করো। ৩
ঘ. পিতামাতার প্রতি দেওয়া শিৰকের উপদেশটির সাথে তুমি কি একমত? উত্তরের সপৰে যুক্তি দাও। ৪

## ৪নং প্রশ্নের উত্তর

ক. সংশোধনের জন্য শিশুদের কিশোর অপরাধ সংশোধন কেন্দ্রে পাঠানো উচিত।

খ. অতি শৈশব থেকেই যদি শিশু অবহেলা অনাদরে জীবনযাপন করে, অপুষ্টি ও রোগের কারণে স্বাস্থ্যহীন হয়ে পড়ে, শিৰার অভাবে অজ্ঞতায় ডুবে থাকে তাহলে তার জীবন বিপন্ন হয়।

গ. পাচারকারীরা শিশুর মা–বাবাকে না জানিয়ে বা প্রতারণা করে, ভয় বা লোভ দেখিয়ে অথবা জোরপূর্বক ধরে নিয়ে দেশের বাইরে পাঠিয়ে দেয় অথবা বিক্রি করে দেয়। শিৰক পাচার হওয়া থেকে নিজেকে রৰা করার জন্য রনিকে বিভিন্ন উপদেশ দিলেন। যেমন–

১. দূরে কোথাও বা নির্জনে একা না যাওয়া।
২. অপরিচিত বা অল্প পরিচিত কারও সাথে কোথাও না যাওয়া।
৩. মা বাবার অনুমতি ছাড়া কোথাও না যাওয়া।
৪. অপরিচিত বা অল্প পরিচিত ব্যক্তির দেওয়া কোনো খাবার না খাওয়া। টাকা পয়সা বা অন্য কোনো জিনিস না নেওয়া।

এভাবেই শিৰক ছাত্রদের সতর্ক করলেন।

ঘ. শিৰক সকল পিতামাতাকে তাদের সন্তানের প্রাথমিত শিৰা নিশ্চিত করার পরামর্শ দিলেন। আমি তার পরামর্শের সাথে একমত। কারণ শিৰা শিশুর ব্যক্তিত্ব, মেধা, শারীরিক ও মানসিক বিকাশে পরিপূর্ণতা আনে। শিৰার মাধ্যমে শিশুর মধ্যে তার মা–বাবা, শিৰক, বড় ও ছোটদের প্রতি শ্রদ্ধাবোধ ও ভালোবাসা জন্মায়। এছাড়া নিজের দেশ, ভাষা, সংস্কৃতি ও মূল্যবোধের প্রতি ও অন্যান্য সংস্কৃতি ও সভ্যতার প্রতিও শ্রদ্ধাবোধ জন্মানো শিৰার মাধ্যমেই সম্ভব হয়। তাই সরকারই সবার জন্য শিৰা বাধ্যতামূলক করে দিয়েছেন। প্রয়োজনে বিনা খরচে শিৰা লাভের সুযোগও সরকার করে দিয়েছেন ও সব শিশুর জন্য মাধ্যমিক ও বৃত্তিমূলক শিৰাব্যবস্থা নিশ্চিত করার দায়িত্বও সরকার নিয়েছে। তবে প্রত্যেক বাবা মাকে এ ব্যাপারে উৎসাহী হতে হবে। তাদের শিৰার গুরবত্ব বোঝাতে হবে। এতে করে শিশুর স্কুল ত্যাগের সম্ভাবনা কমবে। সকল বাবা মায়েরই উচিত শিশুর শিৰা নিশ্চিত করা। এটি শিশুর জন্মগত অধিকার।

**প্রশ্ন –৫ ▸ নিচের উদ্দীপকটি পড়ে প্রশ্নগুলোর উত্তর দাও :**

ফয়সাল তার বাবা মায়ের সাথে একত্রে বসবাস করতে চায়। কিন্তু তার ইচ্ছার বিরবদ্ধে তাকে বাবা মা থেকে বিচ্ছিন্ন করা হয়েছে। মানসিক চাপ ও প্রচণ্ড হতাশা থেকে সে মাদকদ্রব্য গ্রহণ করা শুরব করে। মাদক গ্রহণের ফলে তার আচরণ উগ্র হয়ে যায়, স্মৃতিশক্তি লোপ পায়। এতে করে তার স্বাস্থ্যের মারাত্মক ৰতি হয়। ফয়সালকে মাদক নিরাময় কেন্দ্রে নেওয়া হলে ডাক্তার তাকে মাদকদ্রব্য বর্জন করতে কতিপয় পরামর্শ দেন।

ক. জাতিসংঘের কতটি সদস্য দেশ শিশু অধিকার সনদে স্বাৰর করেছে? ১
খ. শিশু পাচার বলতে কী বোঝ? ২
গ. ফয়সাল কোন ধরনের অধিকার থেকে বঞ্চিত হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. মাদকদ্রব্য বর্জনে ফয়সালের করণীয় বিশেৰষণ কর। ৪

## ৫নং প্রশ্নের উত্তর

ক. জাতিসংঘের ১৯১টি সদস্য দেশ শিশু অধিকার সনদে স্বাৰর করেছে।

খ. পাচারকারীরা শিশুর পিতামাতাকে বা অভিভাবককে না জানিয়ে বা প্রতারণা করে, ভয় বা লোভ দেখিয়ে অথবা জোরপূর্বক ধরে নিয়ে

বা অপহরণ করে দেশের বাইরে পাঠিয়ে দেয় অথবা বিক্রি করে দেয়। একে 'শিশু পাচার' বলে।

গ. ফয়সাল ইচ্ছার বিরবদ্ধে শিশুকে বিচ্ছিন্ন না রাখার অর্থাৎ পিতা–মাতার সাথে একত্রে বাস করার অধিকার থেকে বঞ্চিত হয়েছে। জাতিসংঘ শিশু অধিকার সনদ অনুযায়ী প্রত্যেক শিশুর মা–বাবার সাথে একত্রে বাস করার অধিকার রয়েছে। শিশু যদি মা–বাবা একজন বা উভয় হতে বিচ্ছিন্ন হয়ে যায় তবে তাদের দুজনের সাথেই যোগাযোগ করার অধিকার তার রয়েছে। ইচ্ছার বিরবদ্ধে শিশুকে মা–বাবার কাছ থেকে বিচ্ছিন্ন রাখা যাবে না। উদ্দীপকে ফয়সাল তার বাবা মায়ের সাথে একত্রে বসবাস করতে চাইলেও তাকে ইচ্ছার বিরবদ্ধে বাবা–মা থেকে বিচ্ছিন্ন করা হয়েছে। এতে করে সে পারিবারিক পরিবেশ থেকে বঞ্চিত হয়েছে। তাই বলা যায়, ফয়সাল ইচ্ছার বিরবদ্ধে শিশুকে পিতামাতার কাছ থেকে বিচ্ছিন্ন না রাখার অধিকার থেকে বঞ্চিত হয়েছে।

ঘ. ৰতিকর এবং অবৈধ মাদকদ্রব্যের হাত থেকে রৰা পাওয়ার অধিকার সকল শিশুর রয়েছে। মাদকদ্রব্য বর্জনে ফয়সালের করণীয় বিশেরষণ করা হলো : যেসব জায়গায় মাদক পাওয়া যায় ফয়সালের সেখানে যাওয়া উচিত নয়। যারা মাদক খায় তাদের সাথে মেলামেশা বা বন্ধুত্ব করা যাবে না। দোকান বা পাড়ায় কোনো বন্ধুর সাথে আড্ডা দিবে না। যদি কোনো বন্ধু বা পরিচিত ব্যক্তি কোনো ট্যাবলেট, অপরিচিত কিছু খেতে দিলে এসব পরিস্থিতি কৌশলে এড়িয়ে যাবে। ডাক্তারের পরামর্শ মেনে চলবে। অবসর সময়ে সে খেলাধুলা, গান শেখা, গল্পের বই, ছবি আঁকা, বাগান করা ইত্যাদি গঠনমূলক ও সৃজনধর্মী কাজ করবে। উদ্দীপকে ফয়সাল প্রচন্ড হতাশা ও মানসিক চাপ থেকে মাদকদ্রব্য গ্রহণ করে। এতে করে সে আচরণগত ও মস্তিষ্কজনিত ৰতির সম্মুখীন হয়। পরে মাদক নিরাময় কেন্দ্রে গেলে ডাক্তার তাকে কতিপয় পরামর্শ দেন। উলিরখিত উপায়সমূহ মেনে চললে ফয়সাল মাদক বর্জন করতে পারবে।

## সৃজনশীল প্রশ্নব্যাংক

**প্রশ্ন –৬ ▸** কেয়া তার গৃহকর্মীকে স্কুলে পাঠান। তিনি জানেন সকল শিশুর সমান অধিকার রয়েছে। কেয়াদের বিল্ডিং তৈরির কাজ করে ১৭ বছরের জাহিদ। একদিন কিছু পুরানো রড সে চুরি করলে সবাই তাকে মারধর করেন। কেয়া সবাইকে বললেন, তাকে না মেরে কিশোর সংশোধনী প্রতিষ্ঠানে পাঠাতে।

ক. জাতিসংঘ সনদে কতটি ধারা আছে? ১
খ. ঝুঁকিপূর্ণ শিশু শ্রম বলতে কী বোঝ? ২
গ. কেয়ার গৃহকর্মীকে স্কুলে পাঠাবার কারণ ব্যাখ্যা কর। ৩
ঘ. জাহিদের জন্য নেওয়া কেয়ার পদৰেপটির যথার্থতা মূল্যায়ন কর। ৪

**প্রশ্ন –৭ ▸** জামান জ্ঞান ফেরার পর দেখে সে পুলিশের কাছে আছে। একে একে তার মনে পড়ে যায় সে রাগ করে বাবা মাকে কিছু না বলে পার্কে গিয়েছিল। সেখানে এক অচেনা লোক তার সাথে ভাব জমায়। এক পর্যায়ে তার কাছ থেকে সে চকলেট খায়। এরপর তার আর কিছু মনে নেই। সে পুলিশের সাহায্য নিয়ে বাসায় এসে দেখে তার শোকে মা অসুস্থ হয়ে হাসপাতালে ভর্তি হয়েছে।

ক. শিশুদের মধ্যে কোন জিনিস খুব বেশি থাকে? ১
খ. শিশু শ্রম বলতে কী বোঝ? ২
গ. জামানের ভুলের তালিকা তৈরি করো। ৩
ঘ. পুলিশের সাহায্য না পেলে জামানের পরিণতি কী হতে পারত? তোমার মতামত দাও। ৪

## অনুশীলনের জন্য দক্ষতাস্তরের প্রশ্ন ও উত্তর

### ◻ জ্ঞানমূলক

**প্রশ্ন ॥ ১ ॥ জাতিসংঘে শিশু অধিকার সনদ গৃহীত হয় কত সালে?**
**উত্তর :** জাতিসংঘে শিশু অধিকার সনদ গৃহীত হয় ১৯৮৯ সালে।

**প্রশ্ন ॥ ২ ॥ জাতিসংঘ শিশু অধিকার সনদ অনুযায়ী শিশু অপরাধমূলক কোনো কাজ করলে তাকে কোথায় পাঠানো যাবে?**
**উত্তর :** জাতিসংঘ শিশু অধিকার সনদ অনুযায়ী শিশু অপরাধমূলক কোনো কাজ করলে তাকে কিশোর অপরাধ সংশোধন কেন্দ্রে পাঠানো যাবে।

**প্রশ্ন ॥ ৩ ॥ শিশুশ্রম কী?**
**উত্তর :** শিশুরা বেঁচে থাকার প্রয়োজনে অর্থ উপার্জনের জন্য যে পরিশ্রম করে তাকে শিশুশ্রম বলে।

**প্রশ্ন ॥ ৪ ॥ প্রতিটি শিশুর জন্য প্রাথমিক শিক্ষা বাধ্যতামূলক করা কার দায়িত্ব?**
**উত্তর :** প্রতিটি শিশুর জন্য প্রাথমিক শিৰা বাধ্যতামূলক করা সরকারের দায়িত্ব।

### ◻ অনুধাবনমূলক

**প্রশ্ন ॥ ১ ॥ 'শিশু অধিকার সনদ' —ব্যাখ্যা কর।**
**উত্তর :** শিশুদের অধিকার নিশ্চিত করার জন্য ১৯৮৯ সালের নভেম্বরে জাতিসংঘের সাধারণ পরিষদে 'শিশু অধিকার সনদ' গৃহীত হয়। এটি পৃথিবীর ইতিহাসে সবচেয়ে ব্যাপকভাবে গৃহীত মানবাধিকার চুক্তি। জাতিসংঘের ১৯৩টি সদস্য দেশের মধ্যে ১৯১টি দেশ এই চুক্তিতে স্বাৰর করেছে। এ সনদের ৫৪টি ধারায় শিশুকল্যাণ নিশ্চিতসহ সকল প্রকার শোষণ, বৈষম্য, অবহেলা এবং নির্যাতন থেকে রৰার বিবরণ রয়েছে।

**প্রশ্ন ॥ ২ ॥ 'সকল শিশুই সমান' এ কথার অর্থ ব্যাখ্যা কর।**
**উত্তর :** জাতিসংঘের শিশু অধিকার সনদ অনুযায়ী সব শিশুর সমান অধিকার রয়েছে। এখানে লিঙ্গ, বর্ণ, জাতীয়তা, ধর্ম, শারীরিক সামর্থ্য এবং ধনী, গরিব কোনো ভেদাভেদ থাকবে না। অর্থাৎ কোনো কারণেই শিশুদের মধ্যে বৈষম্য থাকবে না। শিশু মাত্রই খাদ্য, বস্ত্র, আশ্রয় ও শিৰার সমান সুযোগ–সুবিধা পাবে। সংখ্যালঘু এবং আদিবাসী শিশুর নিজস্ব সংস্কৃতি, ধর্ম এবং ভাষা চর্চার অধিকার আছে।

**প্রশ্ন ॥ ৩ ॥ কীভাবে শিশু পাচারকারীর হাত থেকে রক্ষা পাওয়া যায়?**
**উত্তর :** পাচার থেকে রৰা পেতে যা করতে হবে– দূরে কোথাও বা নির্জন জায়গায় একাকী না যাওয়া। অপরিচিত বা অল্প পরিচিত কারও সাথে কোথাও না যাওয়া। শিশু পাচারের কৌশলগুলো জানা এবং অপরকে জানানো যেন সবাই এ বিষয়ে সচেতন হয়। নিজ এলাকার শিশুসহ সকল মানুষের মধ্যে শিশু পাচারবিরোধী সচেতনতা সৃষ্টি করা।

**প্রশ্ন ॥ ৪ ॥ কীভাবে মাদকদ্রব্য গ্রহণ থেকে শিশুদের নিরাপদে রাখা যায়?**
**উত্তর :** ৰতিকর এবং অবৈধ মাদকদ্রব্যের হাত থেকে রৰা পাওয়ার অধিকার শিশুর রয়েছে। শিশুদের মধ্যে অনুকরণ প্রবণতা খুব বেশি। তাই কৌতূহল, বন্ধুবান্ধবের সাথে আড্ডা, মানসিক চাপ থেকে তাদের মধ্যে মাদক গ্রহণের সূত্রপাত ঘটে। এজন্য এ ব্যাপারে সবাইকে সচেতন হতে হবে। মাদকের ছোবল থেকে রৰা করার জন্য শিশুদের নিরাপদে রাখতে হবে, যাতে মাদক ছেলেমেয়েদের সব সম্ভাবনাকে ধ্বংস করতে না পারে।